

27 MAY 2023

শিক্ষক সমিতির সম্মেলন অনুষ্ঠিত এখন শিক্ষকদের এক দাবি শিক্ষা জাতীয়করণ করতে হবে

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ শিক্ষক সমিতির সম্মেলনে উদ্বোধনী ভাষণে শিক্ষাবিদ অধ্যাপক জিবুর রহমান সিদ্দিকী বলেছেন, বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ দেওয়ার ঘোষণা শুভস্বরের ফাঁকি ছাড়া আর কিছুই নয়। গতকাল সোমবার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিত সমিতির নবম জাতীয় সম্মেলনে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির ভাষণে সমিতির সভাপতি অধ্যাপক মোঃ কামরুজ্জামান বলেন, বর্তমানে অনাসব দাবি-দাওয়ার চেয়েও

ওরফতপূর্ণ দাবি হলো শিক্ষাকে জাতীয়করণ করতে হবে এবং এখন থেকে এটা একদম দাবিতে পরিণত হবে। সমিতি এ দাবি নিয়ে সরকারের সঙ্গে আলোচনায় বসবে। দাবি পূরণ না হলে সমিতি বৃহত্তর আন্দোলনে যেতে বাধ্য হবে। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পপতি সৈয়দ আবুল হোসেন এমপি।

সম্মেলনে বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ এবং দেশের বিভিন্ন জায়গা থেকে আগত বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সম্মেলনে জোট সরকারের পাশে ৭

এখন শিক্ষকদের এক দাবি

শেখের পাতার পর দক্ষ দাবি অবিলম্বে পূরণের আহ্বান জানানো হয়েছে। দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে সম্মেলনের প্রস্তাবাবলী পাঠ করেন সমিতির সহ-সভাপতি অধ্যাপক এম এ আউয়াল সিদ্দিকী। সম্মেলনে অধ্যাপক জিবুর রহমান সিদ্দিকী বলেন, দেশে কোনো শিক্ষানীতি নেই। সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে রাজনৈতিক বিবেচনায় নতুন শিক্ষা কমিশন গঠিত হয়, যদিও তা হওয়া উচিত নয়। তিনি বলেন, রাজনৈতিক পরিবর্তন হলে শিক্ষা কমিশন থেকে ওরফতপূর্ণ সুপারিশগুলোও পায়েব হয়ে যায়। এর কারণ হলো আমাদের চিত্তির মধ্যে গলদ আছে। তিনি দেশের নীতিনির্ধারকদের শিক্ষাকে রাজনীতির উর্ধ্ব রাখার আহ্বান জানান।

শিক্ষা জাতীয়করণ প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষা জাতীয়করণ করা মানেই তা সরকারিকরণ নয়। শিক্ষা সরকারিকরণ করা হলেই তাতে সীমাবদ্ধতা চলে আসে। বিশেষ অতিথির বক্তব্যে সৈয়দ আবুল হোসেন এমপি বলেন, সরকার বর্তমানে শিক্ষকদের ওপর নির্মমভাবে অত্যাচার এবং হয়রানি করছে। সরকার এ অত্যাচারের ফস্যাফল ভোগ করবে আগামী নির্বাচনে। তিনি শিক্ষকদের ১০০ ভাগ বেতনের দাবিকে যুক্তিসঙ্গত দাবি বলে উল্লেখ করেন। তিনি মনে করেন শিক্ষার

পূর্ণাঙ্গ জাতীয়করণ হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দুর্দশা লাঘব হবে।

সমিতির সাধারণ সম্পাদক চৌধুরী বুরশীদ আলম বলেন, বর্তমানে সরকার কবলে সমগ্র জাতি জিম্মি। শিক্ষকেরা নানাবিধ সমস্যায় জর্জরিত। এ সমস্যাসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নকরণের পথনির্দেশনা দেবে, আতঙ্কিত এ সম্মেলন।

পায়রা উড়িয়ে সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন অধ্যাপক জিবুর রহমান চৌধুরী সিদ্দিকী। উদ্বোধনী পর্বে ধন্যবাদ জ্ঞাপন করেন নাসী নেত্রী এবং সমিতির সহসভানেত্রী হেনা দাস। উদ্বোধনী অনুষ্ঠানের পর সম্মেলনের দ্বিতীয় ও তৃতীয় অধিবেশনে প্রতিনিধি সভা এবং চতুর্থ অধিবেশনে নির্বাচনী অধিবেশন অনুষ্ঠিত হয়।